গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মৎস্য অধিদপ্তর, বাংলাদেশ
আইসিটি শাখা
মৎস্য ভবন, রমনা, ঢাকা।

---

মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের সদস্যগণের অংশগ্রহণে জুলাই/২০১৮ খ্রিঃ তারিখের ইনোভেশন সভার কার্যবিবরণী।

| | |
|---|---|
| সভাপতি | : মোঃ মনোয়ার হোসেন<br>: উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) এবং ইনোভেশন অফিসার |
| সভার তারিখ | : ০৪/০৭/২০১৮খ্রি. |
| সভার সময় | : সকাল ১০.০০ ঘটিকায় |
| স্থান | : উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা) অফিস কক্ষ। |

সভাপতি উপস্থিত কর্মকর্তাগণকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভায় উপস্থিত কর্মকর্তাগণের তালিকা পরিশিষ্ট ‘ক’ তে সংযুক্ত আছে। সভায় নিম্নবর্ণিত বিষয়সমূহ নিয়ে আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়।

**১। বাস্তবায়িত উদ্ভাবন বার্ষিক প্রতিবেদন ২০১৭-১৮ সংক্রান্ত :**

সভাপতি উপপ্রধান মৎস্য অধিদপ্তর এর নিকট বাস্তবায়িত উদ্ভাবন বার্ষিক প্রতিবেদন প্রস্তুতের অগ্রগতি সম্পর্কে জানতে চান। উপপ্রধান জনাব মোঃ ইউসুফ খান সভায় জানান যে, এ সংক্রান্ত প্রতিবেদন ইতোমধ্যেই প্রস্তুত করে ই-নথিতে উপস্থাপন করা হয়েছে। সভায় তিনি বার্ষিক উদ্ভাবন প্রতিবেদন ২০১৭-১৮ হার্ড কপি উপস্থাপন করেন। তিনি আরও জানান যে, প্রতিবেদনটির কোন পরিবর্তন বা পরিমার্জন করতে চাইলে তা এখনও করা যাবে। কারণ প্রতিবেদনটি এখনও মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা হয়নি। প্রতিবেদনটি মন্ত্রণালয়ে জুলাই/১৫ এর মধ্যে প্রেরণ করতে হবে।

**২। ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা ২০১৮-১৯ সংক্রান্ত :**

উপপ্রধান সভায় জানান যে, কেবিনেট ডিভিশনের নির্দেশনা মোতাবেক সকল মন্ত্রণালয় ও দপ্তর/সংস্থাসমূহ নিজ নিজ দপ্তরের ইনোভেশন টিমের বার্ষিক কর্মপরিকল্পনা জুলাই মাসের মধ্যে প্রেরণ করবে। এ লক্ষ্যে মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা ২০১৮-১৯ প্রস্তুত করা হয়েছে। প্রস্তুতকৃত প্রতিবেদনটি সভায় উপস্থাপন করা হলো। কোনরূপ পরিবর্তন না থাকলে তা জুলাই/১৫ এর মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করা যেতে পারে।

**৩. সার্ভার ব্যবস্থাপনা বিষয়ে আলোচনা :**

উপপ্রধান সভায় জানান যে, মৎস্য অধিদপ্তরের সার্ভার ব্যবস্থাপনা ও রক্ষণাবেক্ষনের জন্য অধিদপ্তরের বিভিন্ন প্রকল্পের সহায়তা নেয়া হয়। ২০১৬-১৭ আর্থিক সালে বাংলাদেশ মেরিন ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্পের মাধ্যমে নতুন সার্ভার মেশিন স্থাপনের পরিকল্পনা নেয়া হয়। বাংলাদেশ মেরিন ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্প তাদের আর্থিক সহায়তায় ৪ (চার)টি নতুন সার্ভার মেশিন স্থাপন করে সকল কনটেন্ট ও মেইল সার্ভার পরিচালনার উদ্যোগ নেয়। কিন্তু এক বছর অতিবাহিত হলেও এখন পর্যন্ত মেইল সার্ভার ছাড়া অন্য কোন কার্যক্রম শুরু করা হয়নি। এমনকি মেইল সার্ভারের সফটওয়্যারটি লাইসেন্স বিহীন ভাবে ইনস্টল করা হয়েছে। এতে সমস্যার পুরাপুরি সমাধান হয়নি। ১ (এক) বছর অতিবাহিত হওয়ার পর ঠিকাদারের সার্ভিস প্রদান সময় শেষ হয়ে গেছে এবং নতুন চুক্তি ছাড়া কোন সেবা পাওয়া যাবে না। এ খাতে যা ব্যয় করা হয়েছে সে তুলনায় প্রত্যাশিত ফলাফল পাওয়া যায়নি।

**৪. ইনোভেটরদের ৫দিনের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা :**

উপপ্রধান সভায় জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে গত **২২/০৫/২০১৮খ্রি.**তারিখ মন্ত্রণালয়ের ইনোভেশন সভায় আলোচনায় সিদ্ধান্ত প্রদান করে যে জুন/১৮ এর মধ্যে সংস্থাসমূহ এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। উল্লেখ্য যে নতুন ইনোভেশন আইডিয়া পাওয়ার জন্য এ ধরণের প্রশিক্ষণ খুবই জরুরী। কিন্তু এ বিষয়ে অধিদপ্তরের ইনোভেশন খাতে বরাদ্দ না থাকায় কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয়নি। চলতি ২০১৮-১৯ অর্থ বছরে ইনোভেশন খাতে কাযক্রম পরিচালনার জন্য বরাদ্দের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে মত পোষণ করেন।

**৫. মেন্টরদেরদের ২দিনের প্রশিক্ষণ বিষয়ে আলোচনা :**

উপপ্রধান সভায় জানান যে, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয় এ বিষয়ে গত **২২/০৫/২০১৮খ্রি.**তারিখ মন্ত্রণালয়ের ইনোভেশন সভায় আলোচনায় সিদ্ধান্ত প্রদান করে যে, জুন/১৮ এর মধ্যে সংস্থাসমূহ এ সংক্রান্ত প্রতিবেদন মন্ত্রণালয়ে প্রেরণ করবে। করবে। উল্লেখ্য যে নতুন ইনোভেশন আইডিয়া সুষ্ঠুভাবে বাস্তবায়নের জন্য এ ধরণের প্রশিক্ষণ খুবই জরুরী। কিন্তু এ বিষয়ে অধিদপ্তরের ইনোভেশন খাতে বরাদ্দ না থাকায় কোন কার্যকরী পদক্ষেপ গ্রহণ করা সম্ভব হয়নি। চলতি ২০১৮-১৯ অর্থ বছরে ইনোভেশন খাতে কাযক্রম পরিচালনার জন্য বরাদ্দের প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করা প্রয়োজন মর্মে মত পোষণ করেন।

**৬. বিবিধ আলোচনা :**

ক) উপপ্রধান সভায় জানান যে, বার্ষিক কর্মসম্পাদন চুক্তিতে প্রত্যেক দপ্তর/সংস্থার ইনোভেশন সংক্রান্ত কার্যক্রম আবশ্যিকভাবে সংযুক্ত রয়েছে এবং এ সংক্রান্ত তথ্যাদি ইনোভেশন কর্ণারে আপলোড করা হয়ে থাকে । কিন্তু মৎস্য অধিদপ্তরের ও ইনোভেশন কর্ণারে কোন তথ্য আপলোড করেনি। ফলে বার্ষিক কর্মসম্পাদন চুক্তির শর্তানুসারে মৎস্য অধিদপ্তরের এ অংশের নাম্বার ছুটে যেতে পারে।

খ) উপপ্রধান সভায় জানান যে, দীঘদিন মৎস্য অধিদপ্তরের ইনোভেশন কমিটির কোন নির্ধারিত কর্মকর্তা সাচিবিক দায়িত্ব পালন করেনি। তাই তিনি ইনোভেশন টিমকে কার্যকর করার লক্ষ্যে নিম্নরূপভাবে ইনোভেশন টিম গঠনের প্রস্তাব করেন।

| ক্রমিক নং | কর্মকর্তার নাম ও পদবী | কমিটিতে পদ |
|---|---|---|
| 1. | উপ-পরিচালক (অর্থ ও পরিকল্পনা) | ইনোভেশন অফিসার |
| 2. | উপপ্রধান (আইসিটি) | সদস্য |
| 3. | সহকারী পরিচালক (আইসিটি) | সদস্য |
| 4. | প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা | সদস্য |
| 5. | সহকারীপরিচালক (পরিকল্পনা) | সদস্য |
| 6. | সহকারী পরিচালক (বাস্তবায়ন) | সদস্য |
| 7. | গবেষণা কর্মকর্তা (পরিকল্পনা) | সদস্য |
| 8. | সহকারী পরিচালক (অর্থ) | সদস্য |
| 9. | উপজেলা মৎস্য কর্মকর্তা (রি) আইসিটি | সদস্য সচিব |

সভার উপস্থিত সদস্যগণ আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গ্রহণ করেন।

**সিদ্ধান্তসমূহ:**

1. বাস্তবায়িত উদ্ভাবন প্রতিবেদন সংশোধন ও পরিমার্জন পূর্বক নির্ধারিত সময়ের মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে আইসিটি শাখাকে অনুরোধ করা হয়;
2. মৎস্য অধিদপ্তরের ইনোভেশন টিমের কর্মপরিকল্পনা নির্ধারিত সময়ের মধ্যে মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়ে প্রেরণ করতে আইসিটি শাখাকে অনুরোধ করা হয়;

3. সার্ভার বিষয়ে ব্যবস্থাগ্রহণের জন্য উপপ্রধান (আইসিটি) বাংলাদেশ মেরিন ক্যাপাসিটি বিল্ডিং প্রকল্পের সাথে যোগাযোগ করবেন;
4. ইনোভেটরদের ৫দিনের প্রশিক্ষণ ও মেন্টরদের ২দিনের প্রশিক্ষণ আগামী ২০১৮-১৯ আর্থিক সালে বাস্তবায়নের লক্ষ্যে আইসিটি শাখা প্রশিক্ষণ শাখাকে প্রশিক্ষণ বাস্তবায়নের লক্ষ্যে পত্র দিবেন;
5. ইনোভেশন কর্ণারে কোন তথ্য না থাকার বিষয়টি বর্তমানে দায়িত্বপ্রাপ্ত উপপ্রধান (আইসিটি) প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণ করবেন;
6. প্রস্তাবিত মৎস্য অধিদপ্তরের নতুন ইনোভেশন টিম চূড়ান্ত অনুমোদনের লক্ষ্যে মহাপরিচালক মহোদয়ের অনুমোদন গ্রহণের সিদ্ধান্ত হয়।

সভায় আর কোন বিষয়ে আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জ্ঞাপন করে সভার সমাপ্তি ঘোষণা করেন।

**মোঃ মনোয়ার হোসেন**
উপপরিচালক (অর্থ ও পরিকল্পনা)
ও
ইনোভেশন অফিসার

স্মারক নম্বর: ৩৩.০২.০০০০.১২৩.১৩.০০১.১৭-

তারিখ: ২০ আষাঢ ১৪২৪
০৪ জুলাই ২০১৮

বিতরণঃ কাযার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :
১) যুগ্মসচিব (ব্লু-ইকোনমি) ও চিফ ইনোভেশন অফিসার, মৎস্য ও প্রাণিসম্পদ মন্ত্রণালয়;
২) মহাপরিচালক, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, বাংলাদেশ, ঢাকা;
৩) উপপরিচালক, (অর্থ ও পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৪) সহকারী পরিচালক (আইসিটি), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৫) সহকারী প্রধান, পরিকল্পনা শাখা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৬) সহকারী পরিচালক (পরিকল্পনা),মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৭) সহকারী পরিচালক (বাস্তবায়ন), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৮) প্রধান মৎস্য সম্প্রসারণ কর্মকর্তা, মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
৯) গবেষণা কর্মকর্তা (পরিকল্পনা), মৎস্য অধিদপ্তর, মৎস্য ভবন, ঢাকা;
১০) দপ্তর নথি।